



বাংলাদেশ হাইকমিশন
ব্রুনাই দারুসসালাম

Machine Readable Passport (MRP) এর আবেদন করার নিয়মাবলী:

১। ক) নতুন MRP এর ক্ষেত্রে::

পূরণকৃত MRP পাসপোর্টের আবেদন ফরম “ডিআইপি-১” (৪র্থ পাতা পূরণ করতে হবে না। মিশনের ওয়েবসাইট হতে ডাউনলোড এর মাধ্যমে ‘ডিআইপি-১’ ফরম সংগ্রহ করা যাবে) এর সাথে বর্তমান মূল পাসপোর্ট, জন্ম নিবন্ধন অথবা জাতীয় পরিচয় পত্র এর কপি, ব্রুনাই সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড (IC) এর কপি অথবা স্পেশাল পাসের কপি, ছাত্রদের জন্য স্টুডেন্ট আইডি অথবা পাসের কপি এবং পাসপোর্ট সাইজের ১ কপি ছবি সংযুক্ত করণ।

১। খ) MRP Reissue এর ক্ষেত্রে:

পূরণকৃত MRP পাসপোর্টের আবেদন ফরম “ডিআইপি-১ এবং MRP Reissue ফরম” (৪র্থ পাতা পূরণ করতে হবে না। মিশনের ওয়েবসাইট হতে ডাউনলোড এর মাধ্যমে ডিআইপি-১ এবং MRP Reissue ফরম সংগ্রহ করা যাবে) এর সাথে বর্তমান মূল পাসপোর্ট, ব্রুনাই সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড (IC) এর কপি অথবা স্পেশাল পাসের কপি, ছাত্রদের জন্য স্টুডেন্ট আইডি অথবা পাসের কপি এবং পাসপোর্ট সাইজের ১ কপি ছবি সংযুক্ত করণ।

১। গ) হারানো পাসপোর্টের পরিবর্তে নতুন MRP-এর ক্ষেত্রে:

পূরণকৃত MRP পাসপোর্টের আবেদন ফরম “ডিআইপি-১ এবং MRP Reissue ফরম” (৪র্থ পাতা পূরণ করতে হবে না। মিশনের ওয়েবসাইট হতে ডাউনলোড এর মাধ্যমে ডিআইপি-১ এবং MRP Reissue ফরম সংগ্রহ করা যাবে) এর সাথে হারানো পাসপোর্টের ফটোকপি, পুলিশ রিপোর্ট এর কপি, স্পেশাল পাসের কপি, কোম্পানী বা নিয়োগ কর্তা কর্তৃক ইস্যুকৃত পত্র, ব্রুনাই সরকার কর্তৃক ইস্যুকৃত আইডি কার্ড (IC) এর কপি অথবা স্পেশাল পাসের কপি, স্মার্ট কার্ড এর কপি (প্রবাসীদের ক্ষেত্রে) এবং পাসপোর্ট সাইজের ১ কপি ছবি সংযুক্ত করণ

২। ফিস:

ক. ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, আর্কিটেক্ট, ব্যবস্থাপনা ও হিসাব বিষয়ক দায়িত্বে নিয়োজিত ব্যক্তিদের বেলায়

ব্রুনাই ১৬৫ ডলার

খ. ব্রুনাই-এ অধ্যায়নরত শিক্ষার্থী ও সাধারণ শ্রমিকদের জন্য ব্রুনাই ৫০ ডলার।

৩। আবেদন পত্র জমা ও বিতরণ এর সময়সূচী :

জমা : প্রতি কার্যদিবস সকাল ৯.৩০টা হতে দুপুর ১.০০টা পর্যন্ত এবং দুপুর ২.০০টা হতে ৩.৩০টা পর্যন্ত।

নামায ও মধ্যাহ্ন ভোজের বিরতী : দুপুর ১.০০টা হতে ২.০০টা পর্যন্ত।

MRP বিতরণ : বিকাল ২.৩০টা হতে ৪.৩০টা পর্যন্ত।

সাপ্তাহিক ছুটির দিন শনিবার ও রবিবার এবং পাবলিক হOLIDAY-তে সেবা সাধারণত বন্ধ থাকবে।

বিঃদ্র: আবেদনপত্র জমা দেয়া ও পাসপোর্ট গ্রহণকালে আবেদনকারীকে দূতাবাসে সশরীরে উপস্থিত হতে হবে।